

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭
(www.bpsc.gov.bd)

বিজ্ঞপ্তি

নং-৮০.১০২.০১১.০০.০০.০১২.২০১৫(অংশ-১)-২৬৭

তারিখ : ০২.১১.২০১৬

বিষয় : বস্ত্র ও পাট মন্ত্রণালয় এবং তথ্য মন্ত্রণালয়ের ১ম শ্রেণির ৫ ক্যাটাগরি পদে মৌখিক পরীক্ষা গ্রহণ প্রসঙ্গে।

বস্ত্র ও পাট মন্ত্রণালয়ের অধীন বস্ত্র পরিদপ্তর কর্তৃক পরিচালিত ৫টি টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ১ম শ্রেণির উচ্চতর স্কেলভুক্ত যথাক্রমে সহকারী অধ্যাপক(কারিগরি), সহকারী অধ্যাপক(মেকানিক্যাল), সহকারী অধ্যাপক(ফ্যাশন এন্ড ডিজাইন) ও সহকারী অধ্যাপক(কম্পিউটার) এবং তথ্য মন্ত্রণালয়ের অধীন জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট-এর ১ম শ্রেণির সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন) পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীর মৌখিক পরীক্ষা আগামী ৩০.১১.২০১৬ তারিখ সকাল-১০.৩০ ঘটিকায় বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ এ অনুষ্ঠিত হবে।

২। উল্লেখ্য, সহকারী অধ্যাপক(কারিগরি), সহকারী অধ্যাপক(মেকানিক্যাল), সহকারী অধ্যাপক(ফ্যাশন এন্ড ডিজাইন) ও সহকারী অধ্যাপক(কম্পিউটার) পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের কমিশন কর্তৃক ২৮.০২.২০১৬ তারিখে জারিকৃত অনলাইনে বিজ্ঞপ্তি অনুযায়ী কমিশনের ওয়েবসাইট www.bpsc.gov.bd থেকে ডাউনলোড করে রেজিস্ট্রেশনকৃত প্রবেশপত্র, শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ এবং অভিজ্ঞতার সনদপত্র মৌখিক পরীক্ষার সময় সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীলস্বাক্ষরিত মূল ছাড়পত্র দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না। এখানে উল্লেখ্য, এ সকল পদে সংশ্লিষ্ট প্রার্থীর জন্য আলাদা কোন সাক্ষাৎকার পত্র সরবরাহ করা হবে না।

৩। শুধুমাত্র তথ্য মন্ত্রণালয়াদীন সহকারী পরিচালক (দৃশ্যসজ্জা ও রেখায়ন) পদে সাময়িকভাবে যোগ্য প্রার্থীদের নামে ডাকযোগে মৌখিক পরীক্ষার সাক্ষাৎকারপত্র প্রেরণ করা হচ্ছে। যদি কোন যোগ্য প্রার্থী যথাসময়ে সাক্ষাৎকারপত্র না পেয়ে থাকেন সে ক্ষেত্রে আগামী ২৮ নভেম্বর, ২০১৬ তারিখে পাসপোর্ট সাইজের ২ (দুই) কপি সত্যায়িত ছবিসহ বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭ (পরিচালক, ইউনিট-২), হতে ডুপ্লিকেট প্রবেশপত্র সংগ্রহ করা যাবে। সংশ্লিষ্ট প্রার্থী মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সকল মূল সনদ, আবেদনপত্র ফরমের মূল রশিদ এবং মৌখিক পরীক্ষার প্রবেশপত্র সঙ্গে আনতে হবে। এছাড়াও চাকরিরত প্রার্থীকে নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক সীলস্বাক্ষরিত মূল ছাড়পত্র দাখিল করতে হবে। অন্যথায় মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে না।

৪। উল্লেখ্য, মৌখিক পরীক্ষায় যোগ্য প্রার্থীদের মূল আবেদনপত্র (Bpsc ফরম-৩) কমিশনের ওয়েব সাইট হতে ডাউনলোড করে প্রয়োজনীয় সকল সনদপত্রের সত্যায়িত কপিসহ ১ সেট কাগজপত্র সংশ্লিষ্ট বোর্ডে পরীক্ষার দিন জমা দিতে হবে।

[পড়াশুনা এবং জ্ঞানার্জনের মাধ্যমে ভালভাবে প্রস্তুতি নিয়ে পরীক্ষায় অংশগ্রহণ করুন।
[চাকরির ক্ষেত্রে কোনরূপ তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে]

(শেখ শাখাওয়াৎ হোসেন)
পরীক্ষা নিয়ন্ত্রক(নন-ক্যাডার)
(যুগ্ম-সচিব)